

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৪.২২.৪১৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯

২৭ নভেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **JDS** বৃত্তির অধীন জাপানে অনুষ্ঠেয় মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্তি বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা, জুডিসিয়াল সার্ভিস, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রথম শ্রেণির কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের নিকট হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে <http://jds-scholarship.org> ওয়েবসাইট হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং আবেদন আগামী ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি পৌঁছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)

JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon Hotel,
107, Kazi Nazrul Islam Avenue,
Dhaka-1215, Bangladesh.


শর্তসমূহ :

- সংযুক্ত ও অনলাইনে প্রাপ্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২৩ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরির বয়স ২ বছর এবং চাকরি স্থায়ী হয়েছে, শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণি/বিভাগ (সমমান) রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল তাঁরাই আবেদন করতে পারবেন;
- আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ২ সেট আবেদন JICE, JDS Project Office বরাবর প্রেরণ করতে হবে। ২ সেট আবেদনের ১ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
- কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করা হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ সংখ্যক স্মারক অনুযায়ী যারা ইতিপূর্বে চাকরিরত অবস্থায় প্রেষণে বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে

আবেদন করার প্রয়োজন নেই;

৫. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী <http://jds-scholarship.org/> থেকে পাওয়া যাবে।

সংযুক্তিঃ মাস্টার্স কোর্সের আবেদনের নির্দেশিকা,



২৮-১১-২০২২

মৌসুমী সরকার রাথী

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধানগণ
- ৬) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) Country Director, JICE, JDS Project Office in Bangladesh, L-261, The Pan Pacific Sonargaon Hotel, 107, Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh.
- ১২) সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)